ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন
৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণী,
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.lrb.gov.bd

ভূমিসেবা ডিজিটাল বদলে যাচ্ছে দিনকাল

নং-৩১.০২.০০০০.০১১.১০.০০২.১৬.১৪৩

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৭
১৪ মার্চ ২০২১

বিষয়ঃ **১৭ই মার্চ ২০২১ খ্রিঃ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সূত্র: ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ৩১.০০.০০০০.০৩৫.৬৮.১৯৭.১৯.৪০১/১(৫০), তারিখ: ০৮-০৩-২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকপত্রের ছায়ালিপি তাঁর বরাবর প্রেরণ করা হলো। কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

১৪/৩/২১

**(কামাল মোহাম্মদ রাশেদ)**
সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন :৮১৭০১৫২
ই-মেইল: alrc1@lrb.gov.bd

বিতরণ:

১. উপ-ভূমি সংস্কার কমিশনার, (সকল)............................. বিভাগ।
২. সহকারী কমিশনার (ভূমি) (সকল), ................................ জেলা.................................।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. জেলা প্রশাসক, (সকল)....................................................।

ভূমি সংস্কার বোর্ড
চেয়ারম্যান এর কার্যালয়
ডায়রী নং...২২৫৩.......
তারিখ ২০-০৩-২১
☐ সদস্য (প্রশাসন)
☐ সদস্য (ভূমি ব্যবস্থাপনা)
☐ চেয়ারম্যান এর একান্ত সচিব
স্বাক্ষর

ভূমি সংস্কার বোর্ড
সদস্য (প্রঃ) মহোদয়ের দপ্তর
ডায়রী নং........তাং..........
উপ-ভূমি সংস্কার কমিশনার ১/২/৩
ম্যানেজার, বি.আর/ডি.এল.এস্টেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.minland.gov.bd

বিষয়: ১৭ই মার্চ ২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

তারিখ : ০৮/০৩/২০২১ খ্রিষ্টাব্দ।
সময় : সকাল ০৯.০০ মিনিট।
স্থান : ভূমি মন্ত্রণালয়ের সভা কক্ষ।
সভাপতি : জনাব মো: মোস্তাফিজুর রহমান, সচিব, ভূমি মন্ত্রণালয়।

<u>সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত আছে।</u>

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) ১৭ই মার্চ ২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আগামী ১৭ই মার্চ থেকে ২৬শে মার্চ পর্যন্ত দশদিন ধারাবাহিকভাবে আয়োজিত জাতীয় কর্মসূচির আলোকে ভূমি মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা/দপ্তরের জন্য প্রযোজ্য কর্মসূচি উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১। | সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবণে জাতীয় পতাকা উত্তোলন। | ১৭ই মার্চ ২০২১ তারিখ ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ প্রশাসনের অফিসসমূহ জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন) মাঠ পর্যায়ের অফিসসমূহকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। | ভূমি মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা |
| ০২। | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন। | ১৭ই মার্চ ২০২১ তারিখ সকাল ৬.০০ ঘটিকার পর সুবিধাজনক সময়ে ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। উল্লেখ্য যে মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ সকাল ৬:০০ ঘটিকার সময় মন্ত্রণালয়ের লাইনে অবস্থান গ্রহণ করতে হবে (মিরপুর রোডে সাজ ফার্মার সম্মুখে)। | ভূমি মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা |
| ০৩। | মুজিববর্ষ উদযাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ। | মুজিববর্ষ উদযাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ সজ্জিতকরণ করতে হবে। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন) মাঠ পর্যায়ের অফিসসমূহকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। | ভূমি মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা |
| ০৪। | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্য-বর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জার ব্যবস্থা ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা। | ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে সৌন্দর্য-বর্ধন, সাজসজ্জা ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করবে। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন) মাঠ পর্যায়ের অফিসসমূহকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। | ভূমি মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা |

| ক্রমিক নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৫। | ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ মহান স্বাধীনতার মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ব্যবহার। উল্লেখ্য, স্ব স্ব দপ্তর ব্যানারের নিচে প্রতিষ্ঠানের নাম ও লোগো ব্যবহার করতে পারবে।<br><br>ওয়েবসাইটে (https://mujib100.gov.bd/) জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পোস্টারের টেমপ্লেট দেয়া থাকবে। প্রয়োজনে কোন সংস্থা বা প্রতিষ্ঠান উক্ত পোস্টার মুদ্রণ করে অথবা ড্রপডাউন ব্যানার হিসেবে প্রস্তুতপূর্বক ব্যবহার করতে পারবে এবং সেক্ষেত্রে পোস্টারের নিচে সৌজন্য হিসাবে সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানের নাম ব্যবহার করা যাবে। | ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ মহান স্বাধীনতার মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ব্যবহার করবে। স্ব স্ব দপ্তর ব্যানারের নিচে প্রতিষ্ঠানের নাম ও লোগো ব্যবহার করতে পারবে।<br><br>ওয়েবসাইটে (https://mujib100.gov.bd/) জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পোস্টারের টেমপ্লেট দেয়া থাকবে। প্রয়োজনে কোন সংস্থা বা প্রতিষ্ঠান উক্ত পোস্টার মুদ্রণ করে অথবা ড্রপডাউন ব্যানার হিসেবে প্রস্তুতপূর্বক ব্যবহার করতে পারবে এবং সেক্ষেত্রে পোস্টারের নিচে সৌজন্য হিসাবে সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানের নাম ব্যবহার করতে পারবে। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন) মাঠ পর্যায়ের অফিসসমূহকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। | ভূমি মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা |
| ০৬। | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিভিন্ন দপ্তর/সংস্থা নিজস্ব ডিজাইনে পোস্টার তৈরি করতে পারবে। তবে পোস্টার, ব্যানার বা ফেস্টুনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যতীত অন্য কোন ব্যক্তির ছবি ব্যবহার করা বাঞ্ছনীয় নয়। | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিভিন্ন দপ্তর/সংস্থা নিজস্ব ডিজাইনে পোস্টার তৈরি করতে পারবে। তবে পোস্টার, ব্যানার বা ফেস্টুনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যতীত অন্য কোন ব্যক্তির ছবি ব্যবহার করা যাবে না। | ভূমি মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা |

০২। ভূমিসেবা সপ্তাহ এবং মাঠ পর্যায়ের অনুষ্ঠান পালনের জন্য মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন অনুবিভাগ অর্থ বরাদ্দের প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৩। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত ভূমি মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার পালনের জন্য বিভিন্ন কর্মসূচির বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে ভূমিসেবা সপ্তাহ আরো গুরুত্বসহকারে পালন, অনলাইন ভূমি উন্নয়ন কর, ই-পর্চা, ভূমি রেজিস্ট্রেশনের সঙ্গে সঙ্গে অটো নামজারি, ভূমিহীন পরিবার পুনর্বাসন, আইন যুগোপযোগীকরণ, নতুন আইন প্রণয়ন, লিফলেট-ভিডিও-ক্লিপ-ফেসবুকের মাধ্যমে ব্যাপক প্রচার ও লক্ষ্মীপুর জেলার পোড়াগাছায় আপগ্রেডেট গুচ্ছগ্রাম নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে বিস্তারিত কর্মসূচি তৈরি করে ১১/০৩/২০২১ তারিখের মধ্যে উপস্থাপনের জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়:

| | | |
|---|---|---|
| (১) | জনাব প্রদীপ কুমার দাস, অতিরিক্ত সচিব (উন্নয়ন) | সভাপতি |
| (২) | ড. মোঃ রাজ্জাকুল ইসলাম, পিএএ, মাননীয় মন্ত্রীর একান্ত সচিব | সদস্য |
| (৩) | ড. মো: জাহিদ হোসেন পনির, পিএএ, উপসচিব (ভূমিসেবা ডিজিটাইজেশন মনিটরিং সেল) | সদস্য |
| (৪) | জনাব মোছাম্মৎ মমতাজ বেগম, উপসচিব (মাঠ প্রশাসন-১) | সদস্য-সচিব |

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত

(মো: মোস্তাফিজুর রহমান, পিএএ)

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৩৫.৬৮.১৯৭.১৯.৪০১/১(৫০) তারিখ: ০৮/০৩/২০২১ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ ভূমি আপীল বোর্ড, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব, ..................(সকল). ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও , ঢাকা।
০৫। যুগ্মসচিব, .........................(সকল), ভূমি মন্ত্রণালয়।
০৬। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষন কেন্দ্র, ৩/এ নীলক্ষেত বাবুপুরা, ঢাকা।
০৭। মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৮। উপসচিব, ......................... (সকল), ভূমি মন্ত্রণালয়।
০৯। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব..........(সকল), ভূমি মন্ত্রণালয়।
১১। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
১৩। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ভূমি মন্ত্রণালয়।
১৫। অফিস কপি।

০৮/০৩/২১

(মোছা: নাজমুন নাহার)
উপসচিব (প্রশাসন)
ফোন: +৮৮-০২-৯৫৪০০৮৫